

## কুমিল্লা বোর্ড-২০১৬

বাংলা প্রথম পত্র

বিষয় কোড:

১ ০ ১

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৬০

সময়-২ ঘণ্টা ১০ মিনিট

দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক বিভাগ থেকে দুটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্টীয়।

### ক অংশ — গদ্য

১.▶ মতলবপুর গ্রামে সুসজ্জিত স্কুল-কলেজ, হাসপাতাল, খেলার মাঠ, সোনাফলা ফসলি জমি-সবই আছে কিন্তু হাসপাতালের চিকিৎসা বা স্কুল-কলেজের শিক্ষা গ্রহণের জন্য যে আর্থিক সামর্থ্যের প্রয়োজন তা গ্রামের অধিকাংশ মানুষেরই নেই। ফসলি জমির ফসল ওঠে কয়েকটি ভূ-স্বামী পরিবারের গোলায়। তাই অর্ধাহারে, অশিক্ষায় আর চিকিৎসাহীনতায় মানবের জীবনযাপন করে মতলবপুর গ্রামের আশি ভাগ মানুষ। বাইরে থেকে দেখলে যে গ্রামকে আদর্শ মনে হয় নিবিড় পর্যবেক্ষণে ভেসে ওঠে সে গ্রামের বঞ্চিত গ্রামবাসীর অসহায় মুখচ্ছবি।

ক. চোর অপেক্ষা শতগুণে দোষী কে? ১

খ. “যখন বিচারে পরাস্ত হইবে তখন গম্ভীরভাবে উপদেশ প্রদান করিবে।”— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ‘ফসল’ এর সাথে ‘বিড়াল’ প্রবন্ধের ধনবৃদ্ধির তুলনা কর। ৩

ঘ. “উদ্দীপকে ‘বিড়াল’ প্রবন্ধের আংশিক বক্তব্য প্রতিফলিত হয়েছে।”— বাক্যটির তাৎপর্য লেখ। ৪

২.▶ অফিস থেকে ফেরার পথে রাশেদ বাসে দীর্ঘদিন পর দেখতে পেল রাবেয়াকে। মনে পড়ল রাবেয়ার সাথে তার বিয়ে ঠিক হয়েছিল। সমস্ত আয়োজন সম্পন্ন হওয়ার পর হঠাৎ রাশেদের বাবা মোটা অংকের যৌতুক দাবি করে বসে মেয়ের বাবার কাছে। উচ্চশিক্ষিত সুদর্শন পুত্রের জন্য এটা নাকি তার ন্যায্য দাবি। রাবেয়ার বাবার যথেষ্ট সামর্থ্য থাকা সত্ত্বেও তিনি রাজি হলেন না যৌতুক দিতে। ক্ষোভে অপমানে তৎক্ষণাৎ ভেঙে দেন বিয়ে। ক্ষুব্ধ রাবেয়াও সমর্থন করে বাবাকে। বিয়ে ভেঙে গেলেও রাবেয়া থেমে থাকেনি। এক ব্যাংকারকে বিয়ে করে সংসারী হয়েছে। চাকরি করছে একটা কলেজে।

ক. ‘অপরিচিতা’ গল্পে শম্ভুনাথ সেনের পেশা কী ছিল? ১

খ. “ভালো মানুষ হওয়ার কোনো বাঞ্ছাট নেই”— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রাবেয়ার বাবার সাথে ‘অপরিচিতা’ গল্পের শম্ভুনাথ বাবুর সাদৃশ্য কোথায়? ৩

ঘ. “উদ্দীপকের রাবেয়া ‘অপরিচিতা’ গল্পের কল্যাণী চরিত্রকে সম্পূর্ণভাবে ধারণ করে না”— স্বীকার কর কী? তোমার মতের পক্ষে যুক্তি দেখাও। ৪

৩.▶ ব্রিটিশ শাসনামলে নীলকর সাহেবরা কৃষকদের অগ্রিম টাকা (দাদন) প্রদান করে নীল চাষ করতে বাধ্য করত। নগদ টাকা পেয়ে কৃষকরা কিছুদিন আরাম আয়েশে কাটাত। উৎপাদিত নীল যখন ইংরেজরা অতি স্বল্প মূল্যে নিয়ে যেতো তখন খাদ্যাভাব প্রকট হয়ে উঠত। ক্ষুধায় কাতর মানুষগুলো আর দাদন নেবে না বলে প্রতিজ্ঞা করলেও নগদ টাকার লোভ সামলাতে পারত না। বাধ্য হয়ে তারা অল্প অল্প জমি বিক্রি করত। ক্রমশ জমি কমতে থাকায় অভাব আরও মাথাচাড়া দিয়ে উঠত। এভাবেই তারা অভাব-চক্রের মাঝে আবর্তিত হত।

ক. রোকেয়া সাখাওয়াত হোসেন কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেছেন? ১

খ. ‘শিরে দিয়ে বাঁকা তাজ ঢেকে রাখে টাক’— উক্তিটির মর্মার্থ লেখ। ২

গ. উদ্দীপকের কৃষকের সাথে ‘চাষার দুক্ষ’ প্রবন্ধের চাষার যাপিত-জীবনের কতটুকু মিল রয়েছে— আলোচনা কর। ৩

ঘ. “উদ্দীপক ও ‘চাষার দুক্ষ’ প্রবন্ধের প্রেক্ষাপট ভিন্ন হলেও উভয়ক্ষেত্রে অভাব চিরায়ত”— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪.► লোকাযত বিশ্বাস এই— শুকদেবপুর গ্রামে দূর অতীতে এক মহাপুরুষের জন্ম হয়েছিল। সকল ধর্মের অনুসারীরাই তাঁর কাছে থেকে ইহলৌকিক ও পারলৌকিক মঙ্গল লাভের দিক নির্দেশনা পেতো। মানুষই সকল জ্ঞান আর প্রজ্ঞার আধার; প্রয়োজন কেবল সেই মানবাত্মার জাগরণ— এই ছিল মানবপ্রেমিক মহাপুরুষের সাধনার মূলকথা। তাঁর শিক্ষা ধারণ করে শুকদেবপুর গ্রাম সুখ-শান্তি-সমৃদ্ধির চরম শিখরে পৌঁছেছে। এখানে ভিন্ন ভিন্ন ধর্মের অনুসারীরা ধর্মভীরু হলেও তাদের মধ্যে নেই ধর্মীয় উন্মাদনা; ধর্ম তাদের কাছে শোষণহীন ন্যায় বিচারভিত্তিক সমাজ প্রতিষ্ঠার অবলম্বন।

- ক. সকলের দেবতার বিশ্ব-দেউল কী? ১  
খ. “কিন্তু কেন এ পণ্ড্রম, মগজে হানিছ শূল?” দ্বারা কী বোঝানো হয়েছে? ২  
গ. উদ্দীপকের ‘মানবাত্মার জাগরণ’ ‘সাম্যবাদী’ কবিতার কোন বক্তব্যের প্রতিফলন? যুক্তিসহ লেখ। ৩  
ঘ. “উদ্দীপকের শুকদেবপুর গ্রামটি যেন ‘সাম্যবাদী’ কবিতায় কাঙ্ক্ষিত মানব সমাজেরই মূর্ত রূপ।”— মূল্যায়ন কর। ৪

৫.► আমার পূর্ব বাংলা এক গুচ্ছ স্নিগ্ধ

অন্ধকারের তমাল  
অনেক পাতার ঘনিষ্ঠতায়  
একটি প্রগাঢ় নিকুঞ্জ  
সন্ধ্যার উন্মেষের মতো  
সরোবরের অতলের মতো  
কালো-কেশ মেঘের সঙ্কটের মতো  
বিমুগ্ধ বেদনার শান্তি।

- ক. সবুজ ডাঙা কীসে ভরে আছে? ১  
খ. “সেখানে বরুণ  
কর্ণফুলী, ধলেশ্বরী, পদ্মা, জলাঙ্গীরে দেয় জল অবিরল?”— বলতে কী বোঝা? ২  
গ. উদ্দীপকে বর্ণিত ‘বিমুগ্ধ বেদনার শান্তি’ ‘এই পৃথিবীতে এক স্থান আছে’ কবিতার কোন অনুযোজের সাথে তুলনীয়? ৩  
ঘ. “উদ্দীপক ও ‘এই পৃথিবীতে এক স্থান আছে’— উভয় কবিতায় দেশপ্রেমই প্রবল হয়ে উঠেছে প্রাকৃতিক সৌন্দর্য বর্ণনার অন্তরালে।”— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬.► প্রবল বন্যায় বিপর্যস্ত হয়ে পড়েছে পদ্মাতীরবর্তী সোনাখালী গ্রাম। খাদ্য সংকট, রোগ-ব্যাদি প্রতিরোধে কাজ করার চেষ্টা করছে কয়েকজন তরুণ। তাদের সকলেরই মনে পড়ে এলাকার প্রিয় মুখ প্রয়াত গফুর সাহেবের কথা। এলাকার মানুষের যে কোনো বিপদে সবাইকে ঐক্যবদ্ধ করে সাহসিকতার সাথে বিপদ মোকাবিলায় গফুর সাহেবের তুলনা ছিল না। এখনো তাই প্রাকৃতিক বা মানবসৃষ্ট যে কোনো সমস্যা মোকাবিলায় গফুর সাহেব প্রেরণার উৎস হয়ে থাকেন।

- ক. ‘নূরলদীনের কথা মনে পড়ে যায়’ কবিতায় কত হাজার লোকালয়ের উল্লেখ আছে? ১  
খ. “নষ্ট ক্ষেত, নষ্ট মাঠ, নদী নষ্ট, বীজ নষ্ট, বড় নষ্ট যখন সংসার।”— বলতে কী বোঝা? ২  
গ. উদ্দীপকের গফুর সাহেবের সাথে ‘নূরলদীনের কথা মনে পড়ে যায়’ কবিতার নূরলদীনের তুলনা কর। ৩  
ঘ. “প্রেক্ষাপট ভিন্ন হলেও মানব কল্যাণের বৃহত্তর চেতনায় উদ্দীপক ও ‘নূরলদীনের কথা মনে পড়ে যায়’ কবিতা অভিন্ন অর্থবহ।”— তোমার মতামত দাও। ৪

৭.► মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে পদ্মাপাড়ের জেলে ও মাঝিদের জীবন সংগ্রামের চিত্র ফুটে উঠেছে। তাদের একমাত্র অবলম্বন, সুখ-দুঃখের সাথী পদ্মানদী। জীবন সংগ্রামী এসব জেলেদের মধ্যে কুবের ও তার সঙ্গীদের জীবনচরণ নিয়ে আবর্তিত হয়েছে উপন্যাসের কাহিনী। বৈচিত্র্যহীন একঘেয়ে তাদের জীবন। ধনঞ্জয়ের নৌকায় মাছ ধরে, কুবের ও গণেশ। মালিক হিসেবে ধনঞ্জয় নেয় অর্ধেক আর কুবের ও গণেশ পায় বাকি অর্ধেক। এছাড়া মাছের সংখ্যা কম দেখিয়ে ধনঞ্জয় তাদের ঠকায়। সব বুঝেও তারা কোনো প্রতিবাদ করতে পারে না। এই অবস্থা সর্বত্র, সব নৌকায়। শত শত নৌকায় শত শত কুবের ও গণেশ শ্রম দিয়ে মাছ ধরে। এক সময় কুবেরই কাহিনীর প্রাণকেন্দ্রে এসে দাঁড়ায়। সে-ই পদ্মাপাড়ের সকল জেলে-মাঝিদের প্রতিনিধিত্ব করে। তাই “পদ্মানদীর মাঝি” নামকরণের মধ্য দিয়ে ঔপন্যাসিক তার জীবন-সত্যকেই প্রতিষ্ঠা দিয়েছে।

- ক. “মরা মানুষ জিন্দা হয় ক্যামনে?”— উক্তিটি কার? ১  
খ. “সজ্ঞানে না জানলেও তারা একাট্টা, পথ তাদের এক।”— ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের ধনঞ্জয়ের সাথে ‘লালসালু’ উপন্যাসের মজিদ চরিত্রের তুলনা কর। ৩  
ঘ. “উপন্যাসের নামকরণের দিক থেকে ‘পদ্মানদীর মাঝি’ এবং ‘লালসালু’ অভিন্ন চেতনার অনুসারী”— মূল্যায়ন কর। ৪

৮.► সন্তানতুল্য ছাগশিশুকে কালী দেবীর মন্দিরে বলি দেওয়ায় শোকার্ত অপর্ণা রাজার কাছে বিচারপ্রার্থী হয়। সন্তানহারা ভিখারিণীর দুঃখ রাজাকে মর্মান্বিত করে। তিনি রাজ্যে পশুবলি বন্ধ করে দেন। কিন্তু রাজার এ আদেশ মেনে নিতে পারে না রাজপুরোহিত রঘুপতি। পৌরহিত্যের দান্তিকতা নিয়ে বিদ্রোহ ঘোষণা করেন তিনি। রাজার অনুজ নক্ষত্ররায়কে রাজ্যলোভে বশ করে রাজাকে হত্যা করতে রাজি করান। রাজা হবার স্বপ্নে বিভোর নক্ষত্ররায়ও রক্তসম্পর্ক ভ্রাতৃপ্রেম ভুলে গিয়ে রাজাকে হত্যার ষড়যন্ত্রে মেতে ওঠে।

- ক. পলাশীর যুদ্ধ কত সালে সংঘটিত হয়? ১  
খ. “ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।”— কে, কেন বলেছে? ২  
গ. উদ্দীপকের রঘুপতির সাথে ‘সিরাজউদ্দৌলা’ নাটকের ইংরেজদের সাদৃশ্য দেখাও। ৩  
ঘ. “উদ্দীপকের নক্ষত্ররায়ের মতো ‘সিরাজউদ্দৌলা’ নাটকের ঘসেটি বেগমও ক্ষমতালোভী।”— বিশ্লেষণ কর। ৪

৯.► ঢাকা জেলার নিচু এলাকার জলাভূমিগুলো ভূমিদস্যুদের কবলে পড়ে ক্রমাগত নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। দিনের পর দিন মাটি ফেরে ভরাট করা হচ্ছে এসব জলাশয়। ফলে ঢাকার প্রাকৃতিক সৌন্দর্য যেমন লুপ্ত হচ্ছে তেমনি নষ্ট হচ্ছে পরিবেশের ভারসাম্য। সচেতন নাগরিক সমাজ জোরালো প্রতিবাদ জানিয়ে আসছে দীর্ঘদিন ধরে। মানববন্ধন, অবস্থান ধর্মঘটসহ নানা কর্মসূচি পালন করেছে তারা। কিন্তু ভূমিদস্যুদের তৎপরতা বন্ধ হয় না কিছুতেই।

- ক. কোলকাতা থেকে তাড়া খেয়ে ড্রেক দলবলসহ কোন জাহাজে আশ্রয় গ্রহণ করে? ১  
খ. “সবাই মিলে আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?”— উক্তিটি কে, কেন করেছে? ২  
গ. উদ্দীপকের সচেতন নাগরিক সমাজের সাথে ‘সিরাজউদ্দৌলা’ নাটকের সিরাজউদ্দৌলার সাদৃশ্য দেখাও। ৩  
ঘ. “প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের ভূমিদস্যুদের এবং ‘সিরাজউদ্দৌলা’ নাটকের ইংরেজদের মনোভাব এক ও অভিন্ন।”— বিশ্লেষণ কর। ৪

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'রেইনকোট' গল্পের নুরুল হুদা কোন বিষয়ের শিক্ষক?  
 (ক) জিওগ্রাফি (খ) বোটানি  
 (গ) হিস্ট্রি (ঘ) কেমিস্ট্রি
  ২. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে কিউরেটরদের কুকুর সংগ্রহ না করার কারণ—  
 (ক) অসামাজিক আচরণ (খ) দলবন্ধ অবস্থান  
 (গ) বুদ্ধিমত্তার অভাব (ঘ) স্বকীয়তার অভাব
  ৩. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় ভ্যাল ঘূর্ণির সঙ্গে তুল্য—  
 (ক) ক্রোধ (খ) যৌবন (গ) স্বপ্ন (ঘ) স্বজন
  ৪. নুরলদীন বাংলার মানুষকে ডাক দিয়েছিলেন—  
 (ক) ১১৮৯ বঙ্গাব্দে (খ) ১৯৭১ খ্রিষ্টাব্দে  
 (গ) ১৭৫৭ খ্রিষ্টাব্দে (ঘ) ১৪০০ বঙ্গাব্দে
- নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:  
 নদী, মাঠ, কৃষক, লতা, পাখি, গনি মিয়া ও আসমানিকে নিয়ে কল্পনা ও স্বপ্নের মাধুরী দিয়ে চিত্ররূপময় কবিতা উপহার দিয়েছেন জসীমউদ্দীন। গনি মিয়া, আসমানি ও প্রকৃতিকে নিয়েই জসীমউদ্দীন চিরকাল বেঁচে থাকতে চান। যা কবির কল্পলোকে সম্ভব হলেও বাস্তবে সম্ভব নয়।
৫. উদ্দীপকের প্রথম অংশের সঙ্গে 'লোক-লোকান্তর' কবিতার মিল—  
 (ক) চিরায়ত গ্রামবাংলা (খ) চেতনার উন্মাদনা  
 (গ) রূপমাধুর্য (ঘ) সমাজ সংসার
  ৬. উদ্দীপকের শেষ অংশ ও 'লোক-লোকান্তর' কবিতায় প্রকাশিত মূল চেতনা—  
 (ক) সৃষ্টির অপার আনন্দ  
 (খ) বিচ্ছিন্নতাবোধের বেদনা  
 (গ) গ্রামীণ সত্তার মধুরতা  
 (ঘ) নিসর্গের অনিন্দ্য প্রকাশ
  ৭. 'বিড়াল' রচনায় আফিমের মহিমা প্রকাশক—  
 (ক) নিউম্যানের গ্রন্থ (খ) কমলাকান্তের দপ্তর  
 (গ) পার্কার গ্রন্থ (ঘ) কৃষ্ণকান্তের উইল
  ৮. 'অপরিচিতা' গল্পে শম্ভুনাথ চরিত্রের জন্য প্রযোজ্য—  
 i. চুলকাঁচা, গোফপাকা, সুপুরুষ  
 ii. চপচাপ, চুলকাঁচা, ভাষাআট  
 iii. সুপুরুষ, চপচাপ, চুলপাকা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও:  
 পেশায় কৃষক হলেও জলিল শেখ সৌখিন মানুষ। রিকশা ছাড়া বাজারে যায় না। চা খাওয়ারও দারুণ নেশা। বাড়িতে রান্না হলেও বাজারের হোটেলে প্রায়ই সে খাওয়া-দাওয়া করে।

৯. উদ্দীপকের জলিল শেখ চরিত্রে 'চাষার দুফু' প্রবন্ধের যে দিকটির মিল রয়েছে—  
 i. বিলাসিতা ii. বুদ্ধিশীলতা  
 iii. সচ্ছলতা
- নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii (গ) iii (ঘ) i, ii ও iii

১০. উদ্দীপকের বিষয়বস্তু 'চাষার দুফু' প্রবন্ধের মতো, কারণ—  
 (ক) চাষাদের সভ্যতার উন্নয়ন  
 (খ) চাষাদের অনুকরণপ্রিয়তা  
 (গ) ক্রমশ সভ্য হওয়া  
 (ঘ) জাতির সমকক্ষ হওয়া

নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও:  
 আমি তো এসেছি তিতুমীর আর হাজী শরিয়ত থেকে।  
 আমি তো এসেছি গীতাঞ্জলি ও অগ্নিবীণার থেকে।  
 এসেছি বাঙালি ক্ষুদ্রিরাম আর সূর্যসেনের থেকে।  
 এসেছি বাঙালি জয়নুল আর অবন ঠাকুর থেকে।  
 এসেছি বাঙালি রাস্তাভাষার লাল রাজপথ থেকে।

১১. উদ্দীপকের চেতনার সঙ্গে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার যে চরণের মিল রয়েছে—  
 (ক) আমি আমার ভালোবাসার কথা বলছি  
 (খ) আমরা কি তাঁর মতো স্বাধীনতার কথা বলতে পারবো  
 (গ) সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা  
 (ঘ) আমি কবি এবং কবিতার কথা বলছি
১২. উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় প্রকাশিত মূলভাব—  
 (ক) ঐতিহ্যপ্রীতি ও মন্ত্রির আকাঙ্ক্ষা  
 (খ) ভালোবাসা আর শঙ্কা  
 (গ) মানবিক উদ্ভাসনের স্বপ্ন  
 (ঘ) কবিতার সত্য অনুধাবন

১৩. কাজী নজরুল ইসলামের প্রবন্ধ গ্রন্থ—  
 (ক) কুহেলিকা (খ) মৃত্যুকুধা  
 (গ) রুদ্ধ-মঞ্জল (ঘ) প্রলয়-শিখা
১৪. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর নদীকে কীসের প্রতীক করতে চেয়েছেন?  
 (ক) মনুষ্যত্বের (খ) সৌন্দর্যের  
 (গ) গতির (ঘ) সার্থকতার
১৫. 'মাসি-পিসি' গল্পে অল্লদিন আগে কার মেয়েটা শ্বশুর বাড়িতে মরেছে?  
 (ক) কৈলাশের (খ) রহমানের  
 (গ) গোকুলের (ঘ) কানাইয়ের
১৬. 'নেকলেস' গল্পে বল নাচের দিনে মাদাম লোইসেল ছিল সবচেয়ে—  
 i. সুন্দরী ii. সুরুচিময়ী  
 iii. হাস্যময়ী

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:  
 দুই বন্ধু উত্তম চক্রবর্তী ও রতন মুখার্জি অচিন গাঁয়ে এক মরা বৃদ্ধকে দেখতে পেল। উত্তম মৃত মানুষটিকে সৎকারের উদ্দেশ্যে কাঁধে তুলে নিতেই রতন জাত-পাতের প্রশ্ন তুলে বাদ সাধল। উত্তম বলল, "মরার আবার জাত কী?"

১৭. উত্তম চক্রবর্তীর সঙ্গে 'আহ্বান' গল্পের সাদৃশ্যপূর্ণ চরিত্র—  
 (ক) খুড়ো মশায় (খ) চক্কোত্তি মশায়  
 (গ) গোপাল (ঘ) শকুর মিয়া
১৮. উদ্দীপক ও 'আহ্বান' গল্পে প্রকাশিত ভাব—  
 (ক) উদার মানবিকতা (খ) জাতিভেদ প্রথা  
 (গ) নিবিড় আন্তরিকতা (ঘ) শাস্ত্রীয় কঠোরতা
১৯. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় আমাদের চেতনার রং—  
 (ক) রক্ত (খ) কৃষ্ণচড়া (গ) ফুল (ঘ) বৃন্দ
২০. 'আঠারো বছর বয়স' কবিতায় এ বয়সে প্রাণ তীব্র আর প্রখর।' বলতে বোঝানো হয়েছে—  
 (ক) বিদ্রোহ ও জটিলতা  
 (খ) তীব্রতা ও সংবেদনশীলতা  
 (গ) প্রগতি ও সংগ্রামশীলতা  
 (ঘ) দুঃসাহস ও স্নেহমমতা

নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও:  
গ্রন্থাগার জ্ঞানের বিশাল ভান্ডার। এটা জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির ধারক ও বাহক বলে মানুষের মনকে জাগিয়ে তুলতে সাহায্য করে।

২১. উদ্দীপক ও 'যাদুঘরে কেন যাব' রচনায় মিল রয়েছে কোনদিক থেকে?

- (ক) সংগ্রহের বৈচিত্র্যে (খ) সংগ্রহের সাদৃশ্যে  
(গ) আর্থিক মূল্যে (ঘ) সর্বজনীন প্রদর্শনে

২২. উদ্দীপকটি 'যাদুঘরে কেন যাব' রচনার সঙ্গে সাদৃশ্যপূর্ণ কারণ—

- (ক) দৃষ্টিভঙ্গি ও মনোগ্রাহী  
(খ) সন্মাসী ও বিদ্যার্থীর সাধনাস্থল  
(গ) সভ্যতা ও সংস্কৃতির সংরক্ষক  
(ঘ) শিল্পকলা ও নৃবিদ্যা চর্চাকেন্দ্র

২৩. 'মহতের অগ্ন্যুৎপাত' দ্বারা 'সেই অস্ত্র' কবিতায় ইঙ্গিত করা হয়েছে—

- (ক) ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকে  
(খ) ১৯৫২ সালের ভাষা আন্দোলনকে  
(গ) ইংরেজদের বিরুদ্ধে বাঙালির সংগ্রামকে  
(ঘ) দ্বিতীয় বিশ্বযুদ্ধে হিরোশিমায় বোমা বর্ষণকে

২৪. 'তাহারই পড়ে মনে' কবিতায় 'উত্তরী' শব্দের অর্থ কী?

- (ক) কুয়াশা (খ) উত্তর দিক  
(গ) চাদর (ঘ) শীতের তীব্রতা

২৫. জীবনানন্দ দাশকে 'নির্জনতম কবি' বলে আখ্যায়িত করেছেন—

- (ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) বুদ্ধদেব বসু  
(গ) আবু জাফর ওবায়দুল্লাহ (ঘ) শামসুর রাহমান

২৬. 'আবেস্তা' কী?

- (ক) পারস্যের একটি জাতি  
(খ) পারস্যের অগ্নি উপাসকদের ধর্মগ্রন্থ  
(গ) জৈনদের ধর্মগ্রন্থ (ঘ) একটি ক্ষুদ্র নৃগোষ্ঠী

২৭. 'ঐকতান' কবিতায় কবির সর্বত্র প্রবেশে বাধা হয়ে আছে—

- (ক) আনন্দ ভোগ (খ) জীবনযাত্রা  
(গ) অপূর্ণতা (ঘ) কর্মভার

২৮. 'ঐকতান' কবিতাটি কোন ছন্দে রচিত?

- (ক) স্বরবৃত্ত (খ) মাত্রাবৃত্ত  
(গ) অক্ষরবৃত্ত (ঘ) গদ্যছন্দ

২৯. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'বাসববিজয়ী'—

- (ক) বীরবাহু (খ) কক্ষকর্ণ  
(গ) মেঘনাদ (ঘ) বিভীষণ

৩০. বজাবন্ধু শেখ মুজিবুর রহমানকে কত তারিখে ঢাকা সেন্ট্রাল জেলের গেটে নিয়ে যাওয়া হয়?

- (ক) ২৭-এ ফেব্রুয়ারি (খ) ২১-এ ফেব্রুয়ারি  
(গ) ১৫ই ফেব্রুয়ারি (ঘ) ২২-এ ফেব্রুয়ারি

৩১. 'বুঠাজমি' কী?

- (ক) নিষ্ফলা জমি (খ) উর্বর জমি  
(গ) ধানি জমি (ঘ) নিরাক জমি

নিচের উদ্দীপকটি পড়ে ৩২ ও ৩৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:  
জ্যোতিষ শাস্ত্রবিদ হরনাথ বসু মানুষের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ দ্রষ্টা বলেই সোনাপুর গ্রামের মানুষ বিশ্বাস করে। বিপদে-আপদে রোগে-শোকে সোনাপুর গ্রামবাসী অনেক টাকা খরচ করে ভাগ্য গণনা করিয়ে হরনাথ বসুর নিকট

হতে রত্ন পাথর গ্রহণ করে। গ্রামের রাজীব কিন্তু হরনাথের এই অলৌকিকতায় বিশ্বাস করে না।

৩২. উদ্দীপকের রাজীবের সঙ্গে 'লালসালু' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ চরিত্র—

- (ক) মজিদ (খ) দুদুমিয়া  
(গ) আকাস (ঘ) তাহেরের বাপ

৩৩. উদ্দীপকের সোনাপুর এবং 'লালসালু' উপন্যাসের মহক্কতনগর গ্রামবাসীর প্রতারণিত হওয়ার কারণ—

- i. অন্ধ ধর্মবিশ্বাস ii. অভিজ্ঞতা ও কুসংস্কার  
iii. অন্ধ ভাগ্যবিশ্বাস

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) ii (গ) iii (ঘ) i, ii ও iii

৩৪. মজিদের ভাষায় স্ত্রীলোকদের সন্তানাদি হয় না কেন?

- (ক) মাজারে শিরানি না দেওয়ায়  
(খ) পর্দাপ্রথা না মানায়  
(গ) পেটে বেড়ি পড়ায়  
(ঘ) পিরদের পানিপড়া না খাওয়ায়

৩৫. "আহা, খোদা যদি আমাকে পোলাপাইন দিত।"—কথাটা ব্যাখ্যাবির্পরিত অন্তরে জাগ্রত হয়—

- i. রহিমার ii. আমেনার  
iii. মজিদের

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩৬. 'যত বড় মুখ নয় তত বড় কথা?' সংলাপটি বলেছে—

- (ক) হলওয়েল (খ) ওয়ালি খান  
(গ) ক্রেটন (ঘ) সিরাজ

৩৭. সিরাজউদ্দৌলা নাটকে বিশ্বাসঘাতক হিসেবে চিহ্নিত—

- (ক) রায়দুর্লভ, সাঁফ্রে, মিরজাফর  
(খ) রাজবল্লভ, মিরজাফর, রাইসুল জুহালা  
(গ) উমিচাঁদ, মোহনলাল, মিরজাফর  
(ঘ) রায়দুর্লভ, উমিচাঁদ, মিরজাফর

৩৮. মিরন সিরাজউদ্দৌলার বিরুদ্ধে যেসব অভিযোগ শুনিয়েছিল—

- i. বাংলার জনসাধারণকে উৎপীড়ন  
ii. দরবারের পদস্থ আমির-উমরাদের মর্যাদাহানি  
iii. মতিঝিলের জলসা চিরকালের মতো ভেঙে দেওয়া

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও:  
বিশ্বশালী আশিক চৌধুরী তার একমাত্র সন্তান জামিল চৌধুরী ও সম্পদের দেখাশোনার জন্য নাসির মিয়াকে পরিবারের একজনের মতোই স্থান দেন। কিন্তু চৌধুরী সাহেবের মৃত্যুর পরে নাসির মিয়া সম্পদের লোভে ঘুমন্ত জামিল চৌধুরীকে হত্যা করে।

৩৯. উদ্দীপকের নাসির মিয়ার সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে—

- (ক) মিরজাফর (খ) উমিচাঁদ  
(গ) মোহাম্মদি বেগ (ঘ) ঘসেটি বেগম

৪০. উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের পরিণতি—

- (ক) করুণ ও যন্ত্রণাদায়ক  
(খ) অনিবার্য ও ভয়াবহ  
(গ) বেদনাবহ ও নাটকীয়  
(ঘ) নিয়তিপ্রধান ও নাটকীয়